AKASHVANI SILCHAR
REGIONAL NEWS UNIT
MORNING / EVENING NEWS BULLETIN
BENGALI
ALL INDIA RADIO NEWS
आकाशवाणी समाचार

News Service Division
All India Radio, Silchar
airnewssilchar@gmail.com
09435170932
on Facebook:
https://www.facebook.com/allindiaradionewssilchar/
on Twitter:
https://twitter.com/airnews_silchar
On Youtube:
https://www.youtube.com/@AIRNewsSilchar

MORNING NEWS BULLETIN

DATE: 5 November 2026 **TIME: 7:35 AM IST**

কেন্দ্রীয় মন্ত্রীসভা অগ্নিবীরদের কার্যকাল দুবছর বৃদ্ধি করার বিষয়ে অনুমোদন জানিয়েছে । এর পূর্বে চার বছর সম্পূর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে অগ্নিবীরদের কার্যকাল সমাপ্ত হত । গতকাল নতুন দিল্লীতে কেন্দ্রীয় মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে চীফ অব ডিফেন্স ষ্টাফ জেনেরেল এন এস রাজা সুব্রমণিয়ম জানান যে চার বছর সম্পূর্ণ করা ৭৫ শতাংশ অগ্নিবীরের কার্যকাল অতিরিক্ত দুবছরের জন্য বৃদ্ধি করা হবে এবং এর পর আগ্রহী অগ্নিবীররা সেনাবাহিনীতে যোগদান করতে পারবেন । জেনারেল সুব্রমণিয়ম বলেন যে ২৫ শতাংশ অগ্নিবীরকে যোগ্যতার ভিত্তিতে নিয়মিত সেনাবাহিনীতে যোগদানের সুযোগ প্রদান করা হবে এবং বাকী ৭৫ শতাংশ অগ্নিবীরকে অতিরিক্ত দুবছরের কার্যকালের সুযোগ প্রদান করা হবে । কার্যকাল বৃদ্ধির সঙ্গে সঙ্গে তাদের পারিশ্রমিকও বৃদ্ধি হবে বলে তিনি জানান ।

.....

শিলচর পৌর নিগম নির্বাচনের পর প্রথম নির্বাচিত বোর্ডের আনুষ্ঠানিক যাত্রা আজ থেকে শুরু হচ্ছে । আজ শিলচর পৌর নিগমের নবনির্বাচিত ৪২ জন কাউন্সিলর শপথ গ্রহণ করবেন । শিলচর

রাজীব ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে পৌর নিগমের মেয়র ও ডেপুটি মেয়র নির্বাচিত করা হবে এবং পরে মেয়র ও ডেপুটি মেয়রও একই অনুষ্ঠানে শপথ গ্রহণ করবেন । সকাল ১১ টায় মূল অনুষ্ঠান শুরু হবে । শপথবাক্য পাঠ করাবেন রাজ্য সরকারের নগর উন্নয়ন বিভাগের প্রবীণ সচিব ডঃ জীবন বাসভারাজ । এই ঐতিহাসিক শপথগ্রহণ অনুষ্ঠানকে স্মরণীয় করে তুলতে পৌর নিগম কর্তৃপক্ষের উদ্যোগে বহু বিশিষ্ট নাগরিককে আমন্ত্রণ জানানো হয়েছে ।

.....

ভারতরত্ন তথা সুধাকণ্ঠ ডক্টর ভূপেন হাজারিকার আজ পঞ্চদশ মৃত্যু বার্ষিকী । এ উপলক্ষ্যে আসাম সরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে আজ সকাল সাড়ে নটায় গুয়াহাটী জালুকবাড়ীর ডক্টর ভূপেন হাজারিকা সমন্বয় তীর্থে শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

.....

এদিকে সুধাকণ্ঠ ডঃ ভূপেন হাজারিকার পঞ্চদশ প্রয়ান দিবসে আজ শিল্পীর প্রতি শ্রদ্ধা জানিয়ে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । প্রয়ান দিবসের অনুষ্ঠানে অরুণাচল প্রদেশের উপ-মুখ্যমন্ত্রী সৌনা মেইনকে আসাম এবং অরুণাচল প্রদেশের মধ্যে সমন্বয়ের বার্তাবাহক হিসেবে ভূপেন হাজারিকা সমন্বয় পুরস্কার প্রদান করা হবে । অনুষ্ঠানে ‘মানুষ মানুষের জন্য ’শীর্ষক ভূপেন হাজারিকার বাংলা গানের একটি সংকলনও উন্মোচন করা হবে ।

আগামী ২৯ শে নভেম্বর নতুন দিল্লীর ভারত মন্ডপমে অনুষ্ঠেয় সুধাকণ্ঠ ডঃ ভূপেন হাজারিকার জন্মশতবর্ষ উদযাপনের সমাপ্তি অনুষ্ঠানের জন্য রাজ্য সরকার প্রস্তুতি অব্যাহত রেখেছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ইতিমধ্যে এই প্রস্তুতি সম্পর্কে খোঁজ খবর নিতে

বেশ কয়েকটি বৈঠকে মিলিত হয়ে অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সব ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ দেন ।

.....

শ্রীভূমি শহরে প্রতিমা নিরঞ্জন কান্ডে গ্রেপ্তার হওয়া সাতজন ব্যাক্তি প্রায় ১১ দিন জেলা কারাগারে বন্দি থাকার পর গতকাল জামিনে মুক্ত হয়েছেন । প্রায় ১১ দিন জেলা কারাগরে বন্দি থাকার পর আদালতের নির্দেশে তাদের জামিন মঞ্জুর করা হয় । এই ঘটনায় গ্রেপ্তার হওয়া প্রত্যেককেই ১০ হাজার টাকার ব্যক্তিগত বন্ডে জামিন দেওয়া হয়েছে । এদিকে এই ঘটনায় মোট ২০ জন অভিযুক্তের মধ্যে মাত্র ৫ জনের বিরুদ্ধে শ্রীভূমি পুলিশ চার্জশিট জমা দিয়েছে । বাকীদের পি আর বন্ডে মুক্তি দেওয়া হয়েছে বলে জেলা আইনজীবি বার সংস্থার সভাপতি তরুণ চক্রবর্তী জানিয়েছেন । আইনজীবি শ্রীচক্রবর্তী আরো জানান ----------

বাইট

.....

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির উদ্যোগে আজ শিলচর বঙ্গ ভবনের অনন্ত দেব স্মৃতি সভাকক্ষে সম্প্রতি শ্রীভূমিতে প্রতিমা নিরঞ্জন পর্বে সংগঠিত অনাকাঙ্ক্ষিত ঘটনার নিরপেক্ষ তদন্ত , নিরীহ ব্যাক্তিদের গ্রেফতার ও পুলিশি নির্যাতন বন্ধের দাবী জানিয়ে সুশীল সমাজের প্রতিনিধিদের নিয়ে একটি নাগরিক সভা আহ্বান করা হয়েছে । আজ সন্ধ্যা ৫টায় এই নাগরিক সভা অনুষ্ঠিত হবে এবং সমাজের সর্বস্তরের জনসাধারনকে এই সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

.....

হাইলাকান্দি জেলায় জাতীয় মুক্ত বিদ্যালয় শিক্ষা প্রতিষ্ঠানের দশম ও দ্বাদশ শ্রেনির পরীক্ষায় অনিয়মের অভীযোগে ২০ জনকে আটক করা হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে গতকাল হিন্দী পরীক্ষা চলাকালীন সময়ে লালা শিক্ষা খন্ডের অধীন একাধিক বিদ্যালয়ে অভিযান চালিয়ে ২০ জন নকল পরীক্ষার্থীকে আটক করা হয়েছে । ধৃতদের লিখিত মুচলেকা দিয়ে পরে ছেড়ে দেওয়া হয়েছে ।

.....

শ্রীভূমি জেলার হরিনগরের জওহর নবোদয় বিদ্যালয়ের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে ষষ্ঠ শ্রেনীতে ভর্তির জন্য পরীক্ষার্থীদের জওহর নবোদয় বিদ্যালয় থেকে নির্বাচন পরীক্ষার আডমিট কার্ড জারী করা হয়েছে । পরীক্ষার্থী ও তাদের অভিভাবকরা নবোদয় বিদ্যালয় সমিতির সরকারী ওয়েব সাইট থেকে এডমিট কার্ড ডাউন লোড করতে পারবেন ।

.....

৭১তম ভারতরত্ন লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ ট্রফির হাইলাকান্দি জেলা পর্য্যায়ের ফুটবল প্রতিযোগীতায় গতকালের খেলা লালা টাউন ফুটবল ও চন্দ্রপুর এফ সি-র মধ্যে খেলা ১-১ গোলে ড্র হয়েছে । নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতায় গতকালের দ্বিতীয় খেলায় ডিষ্ট্রিক্ট রেঞ্জার্স এফ সি ৮-০ গোলে রয়্যল প্রগ্রেসিভ ক্লাবকে পরাজিত করে ।
